শিলিগুড়িতে ফের মধুচক্রের আসর থেকে গ্রেফতার ৫

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ১৫ জুন ঃ মধুচক্রের আসরে হানা দিয়ে ৫ জনকে গ্রেফতার করল ভক্তিনগর থানার পুলিশ। রবিবার রাতে শিলিগুড়ির শান্ত্রীনগর এলাকায় একটি আবাসনে অভিযান চালিয়ে ঘটনাস্থল থেকে তিন মহিলাকে উদ্ধার করা হয়। উদ্ধার হওয়া মহিলা সহ অভিযুক্তদের জলপাইগুড়ি জেলা আদালতে পাঠানো হয়েছে বলে জানিয়েছেন সহকারী পুলিশ কমিশনার (পূর্ব ১) স্বপন সরকার। ভক্তিনগর এলাকায় একটি আবাসনে বেশ কয়েকদিন ধরে মধুচক্রের আসর বসছিল। গতকাল রাতে পুলিশের কাছে খবর আসে বাইরের রাজ্য থেকে বেশ কয়েকজন মহিলা এবং ব্যক্তি ওই আবাসনে এসেছে। খবর পেয়েই ভক্তিনগর থানার পুলিশ ওই এলাকায় হানা দেয়। ঘটনাস্থলে পৌঁছান সহকারী পুলিশ কমিশনার (পূর্ব ১) স্বপন সরকার। ঘটনাস্থল থেকে অভিযুক্তদের হাতেনাতে ধরা হয়। প্রসঙ্গত, কয়েকদিন আগেই শিলিগুড়ি থানার পানিট্যাঙ্কি ফাঁড়ির পুলিশ অভিযান চালিয়ে শহরের একটি হোটেলে মধুচক্রের আসরে হানা দিয়ে ৮ জনকে গ্রেফতার করে। ধৃতদের মধ্যে ৫ জন পুরুষ এবং ৩ জন মহিলা ছিলেন। ধৃতদের মধ্যে ৪ যুবক বিহারের বাসিন্দা এবং ১ জন শিলিগুড়ির হোটেলের ম্যানেজার। বাকি ৬ যুবতী দক্ষিণবঙ্গের বাসিন্দা। তাঁরা ভক্তিনগর এলাকায় বাড়ি ভাড়া নিয়ে থাকতেন। পুলিশ সূত্রে জানা যায়, ওই ৩ যুবতী শিলিগুড়ির বিভিন্ন পার্লারে কাজ করতেন। পুলিশ ওই হোটেলে হানা দিয়ে অভিযুক্তদের হাতেনাতে ধরে ফেলে। এরপর আজ ফের ৫ জনকে গ্রেফতার করা হয়। লকডাউন চলাকালীন যেখানে সামাজিক দূরত্বের বিধি মানার জন্য বারবার নির্দেশ দেওয়া হচ্ছে, সেখানে মধুচক্রের আসর বসায় হতবাক পুলিশ থেকে সাধারণ মানুষ।

করোনাযুদ্ধে স্বাস্থ্য কর্মীদের সংবর্ধনা তৃণমূল কংগ্রেসের

দুরন্ত বার্তা, মালবাজার, ১৫ জুন ঃ দেশে প্রতিদিন হু হু করে বাড়ছে করোনা আক্রান্তের সংখ্যা। তবে এর মধ্যেও স্বস্তির খবর মালবাজার ব্লকে। গত ২৪ ঘণ্টায় এক জনো করোনায় আক্রান্ত হয় নি। যাদের সংক্রামণ ধরা পড়েছিল তাদের অনেকেই আরোগ্যের পথে। আর এসব সম্ভব হয়েছে স্বাস্থ্য কর্মীদের দিন রাত অক্লান্ত পরিশ্রমের জন্য। তাই সোমবার দিন ওদলাবাড়ি স্বাস্থ্য কেন্দ্রে ব্লক অফিসার প্রিয়াঙ্কু জানা এবং স্বাস্থ্য কর্মীদের ফুল, খাদ্য এবং মিষ্টিমুখ করিয়ে সংবর্ধনা দিলো মাল ব্লকের তৃণমূল ক্ষেত মজদুর কমেটি। এদিন মাল ব্লকের তৃণমূলের সভাপতি তমাল ঘোষ, কিষান খেত মজদুর তৃণমূল কংগ্রেসের ব্লক সভাপতি বাদশা আহমেদ, এবং তৃণমূল যুব সভাপতি শম্পা দাস এবং তৃণমূল নেতা-কর্মীরা মিলে এই সংবর্ধনা দেন। কিষান খেত মজদুর তৃণমূল কংগ্রেসের ব্লক সভাপতি বাদশা আহমেদ বলেন, করোনার হাত থেকে যেভাবে মানুষকে বাচাচ্ছেন এই সব স্বাস্থ্য কর্মী, চিকিৎসক এবং পুলিশ কর্মীরা, তা ভাষায় প্রকাশ করা যাবে না। তাই স্বাস্থ্য কর্মীদের উৎসাহ দিতে এই সংবর্ধনা। মালবাজার ব্লকের বিএমওএইচ প্রিয়াঙ্কু জানা বলেন, গত ২৪ ঘণ্টায় সংক্রমন ধরা পড়ে নি। এর আগে যাদের পজিটিভ এসেছিল তাদের কয়েক জন সুস্থ হয়ে উঠেছে। অন্যান্যরা আরোগ্যের পথে। এসব সম্ভব হয়েছে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির জন্য। ওনার চেষ্টায় আজ আমরা হাসপাতালগুলিতে কাজ করতে উৎসাহ পাচ্ছি। তাই তো দিন দিন করোনা মুক্ত করার চেষ্টা চলেছে মাল ব্লককে। এরজন্য আমাদের চিকিৎসক এবং স্বাস্থ্য কর্মীরা খুব ভাল কাজ করে যাচ্ছেন।

নবদ্বীপে আবারও করোনা আক্রান্ত মহারাষ্ট্র ফেরত এক পরিযায়ী শ্রমিক

দুরন্ত বার্তা, নবদ্বীপ, ১৫ জুন ঃ আবারও নবদ্বীপে করোনা ভাইরাসে আক্রান্ত হলেন মহারাষ্ট্র ফেরত এক পরিযায়ী শ্রমিক। তার বাড়ি নবদ্বীপ ব্লকের ফকিরডাঙ্গা ঘোলাপাড়া গ্রাম পঞ্চায়েতের মাহাতো পাড়ায়। ঘটনার খবর জানাজানি হতেই মাহাতো পাড়া সহ ফকিরডাঙ্গা এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। পাশাপাশি ওই কোয়ারেন্টিন সেন্টারে থাকা ১৩ জনের লালারসের নমুনা সংগ্রহ করেন স্বাস্থ্য কর্মীরা। স্থানীয় সূত্রে খবর গত ৩১ মে মহারাষ্ট্রের পুণে থেকে বাড়ি ফেরেন ৩০ বছরের আক্রান্ত ওই যুবক। ওই দিনই তাকে থার্মাল স্ক্যানিং করিয়ে ফকিরডাঙ্গা হাইস্কুলে গড়ে ওঠা কোয়ারেন্টিন সেন্টারে রাখা হয়। গত ১১ জুন তাঁর করোনার উপসর্গ দেখা দিলে তাঁকে নবদ্বীপ স্টেট জেনারেল হাসপাতালের আইসোলেশন ওয়ার্ডে ভর্তি করা হয়। ১২ জুন সকালে তাঁর লালারসের নমুনা সংগ্রহ করে কলকাতায় পাঠায় হাসপাতাল কর্তৃপক্ষ। সোমবার তাঁর রিপোর্ট হাসপাতালে এসে পৌঁছায়। এরপর বেলা এগারোটা নাগাদ তাঁকে নিয়ে যাওয়া হয় কল্যাণীর কার্নিভাল কোভিড হাসপাতালে। পুণে ফেরত এই যুবককে নিয়ে নবদ্বীপ বিধানসভা এলাকায় করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়াল পাঁচ। তাদের মধ্যে বাবলারীর নিত্যানন্দপুর সহ তিনজনই সুস্থ হয়ে ফিরে এসেছেন নিজ নিজ বাড়িতে। ফকিরডাঙ্গা ঘোলাপাড়া গ্রাম পঞ্চায়েতের প্রধান তৈয়ব আলী শেখ জানান, বছর তিরিশের ওই যুবক মহারাষ্ট্রের পুণেতে একটি বেসরকারি সংস্থায় কাজ করত। লকডাউনের জেরে দীর্ঘ আড়াই মাস পুণেতে আটকে থাকার পর গত মাসের ৩১ তারিখে গ্রামে ফেরে। ওইদিনই তার থার্মাল স্ক্যানিং করিয়ে ফকিরডাঙ্গা হাই স্কুলে কোয়ারেন্টিন সেন্টারে পাঠানো হয়। গত ১১ জুন তার প্রচন্ড শ্বাসকষ্ট শুরু হয়। সঙ্গে প্রচন্ড জ্বর। সঙ্গে সঙ্গে স্বাস্থ্য দপ্তরের কর্মীরা তাকে নবদ্বীপ হাসপাতালে নিয়ে যান। সেখানে তাকে চিকিৎসার জন্য আইসোলেশন ওয়ার্ডে ভর্তি করা হয়। সোমবার সকালে তার করোনা রিপোর্ট পজিটিভ আসে। অন্যদিকে ওই যুবকের করোনা পজিটিভ আসতেই তীব্র চাঞ্চল্য ছড়িয়ে পড়ে রোগী ও রোগীর পরিবারের মধ্যে। কেন না গত ১১ জুন থেকে ১৫ জুন সকাল পর্যন্ত হাসপাতালের আইসোলেশন ওয়ার্ডে ভর্তি থাকা ওই যুবকের সংস্পর্শে এসেছিলেন বেশ কয়েকজন চিকিৎসক এবং নার্স সহ স্বাস্থ্য কর্মী। ফলে ওইসব চিকিৎসক ও নার্স সহ স্বাস্থ্য কর্মীদের চিন্তিত করে তাদের কি কোয়ারেন্টিন করা হবে? এবিষয়ে হাসপাতালের সুপার বাক্সা ঢালিকে প্রশ্ন করা হলে, তিনি সাফ জানিয়ে দেন এবিষয়ে যা বলবার জেলা মুখ্য স্বাস্থ্য অধিকর্তাই বলবেন। জেলা মুখ্য স্বাস্থ্য অধিকর্তাকে বিষয়টি জানতে বারবার ফোন করা হলেও তিনি ফোন ধরেন নি। এখন প্রশ্ন যুবকের সংস্পর্শে আসা ওইসব চিকিৎসক ও নার্স এবং স্বাস্থ্য কর্মীদের কি আদৌ কোয়ারেন্টিনে পাঠান হবে। কেননা সম্প্রতি নবদ্বীপ হাসপাতালে সাধারণ ওয়ার্ডে ভর্তি থাকা এক ব্যক্তির করোনা রিপোর্ট পজিটিভ আসলে, তাদের চিহ্নিত করে কোয়ারেন্টিনে পাঠান হলেও চার দিনের মধ্যেই বাইরে বেরিয়ে পড়েন চিকিৎসক সহ স্বাস্থ্য কর্মীরা। হাসপাতালে আসা অধিকাংশ রোগীর আত্মীয়দের প্রশ্ন সাধারণের ক্ষেত্রে ১৪ দিনের কোয়ারেন্টিন আর চিকিৎসক, নার্স এবং স্বাস্থ্য কর্মীদের জন্য চার দিনের? তাদের আরও প্রশ্ন নিয়ম তো সবার জন্য এক হওয়া উচিত। এদিকে হাসপাতালজুড়ে একটাই প্রশ্ন ঘুরপাক খাচ্ছে রোগী ও রোগীর পরিবারের মধ্যে। প্রশ্ন করোনা আক্রান্ত যুবকের সংস্পর্শে আসা ওইসব চিকিৎসক কিংবা নার্সরা অন্যান্য রোগীদেরও কাছাকাছি যাচ্ছেন। ফলে তীব্র আশঙ্কা তৈরি হয়েছে রোগী ও হাসপাতালে আসা রোগীর পরিবারের মধ্যে।

উপাচার্যের উদ্যোগে পার্থেনিয়াম নিধন

দুরন্ত বার্তা, শান্তিনিকেতন, ১৫ জুন ঃ খোদ উপাচার্যের উদ্যোগে পার্থেনিয়াম নিধন যজ্ঞ শুরু হল শান্তিনিকেতনজুড়ে। সোমবার পরিবেশ বাঁচাতে বিশ্বভারতীর বিভিন্ন এলাকায় থাকা বিষাক্ত পার্থেনিয়াম গাছগুলিকে নষ্ট করা শুরু হল। বিশ্বভারতীর উপাচার্য বিদ্যুৎ চক্রবর্তীসহ বিশ্বভারতীর বিভিন্ন আধিকারিক কর্মীরা পার্থেনিয়াম গাছগুলি ধ্বংস করতে নিজেরাই নেমে পড়েছেন মাঠে। কিছুদিন পরেই পড়ুয়ারা আসবে আশ্রমে। তাদের কথা মাথায় রেখেই মূলত এই পার্থেনিয়াম জঙ্গল পরিষ্কার করা হয়। গত তিন মাস ধরে জল বৃষ্টির মাঝে বিশ্বভারতীর ক্যাম্পাসজুড়ে গজিয়ে উঠেছে বিষাক্ত পার্থেনিয়াম গাছ। যা নিয়ে ইতিমধ্যেই উদ্বেগ প্রকাশ করেছেন পরিবেশবিদরা। চলতি মাসের ৩০ তারিখের মধ্যেই শান্তিনিকেতনে পৌঁছে যাবে বিশ্বভারতীর ছাত্র-ছাত্রীরা। তার আগেই ক্যাম্পাসজুড়ে গজিয়ে ওঠা পার্থেনিয়াম গাছ পরিষ্কার করতে হাত লাগালেন উপাচার্য। তার উদ্যোগেই বিশ্বভারতীর কর্মী, আধিকারিক, অধ্যাপকরা একজোট হয়ে সোমবার সকাল থেকেই সেন্ট্রাল অফিস, রবীন্দ্রভবন, আশ্রম মঠ, ভাষা ভবন, বিদ্যাভবনের মত ক্যাম্পাসজুড়ে পার্থেনিয়াম গাছ পরিষ্কারের কাজ শুরু করেন। বিশ্বভারতীর কর্মী পরিষদের যুগ্ম সম্পাদক কিশোর ভট্টাচার্য বলেন, পার্থেনিয়াম বিষাক্ত গাছ। সেই গাছে বিনাশ করতেই উপাচার্যের উদ্যোগে সোমবার সকাল থেকেই বিশ্বভারতীর ক্যাম্পাস পরিষ্কার করার কাজ শুরু হয়। এ কাজে হাত লাগিয়েছেন কর্মী, অধ্যাপক, আধিকারিক সকলেই। বিশ্বভারতী চত্বরসহ সংলগ্ন এলাকায় জঙ্গল হয়ে থাকা এই গাছ কেটে ফেলা হয়। পরে সেগুলিকে সেখান থেকে সরিয়ে নিয়ে গিয়ে নষ্ট করা হয়। পার্থেনিয়াম নিধন অভিযান এখন চলবে বলে জানিয়েছেন বিশ্বভারতী কর্তৃপক্ষ। উল্লেখ্য, বর্ষজীবী গুল্মজাতীয় উদ্ভিদ হল পার্থেনিয়াম। এই গাছটি মূলত উত্তর ও দক্ষিণ আমেরিকার। এছাড়া উষ্ণতিজ ও উত্তর-পূর্ব মেক্সিকো হল এই উদ্ভিদের আদি উৎপত্তিস্থল। বর্তমানে গোটা দেশজুড়ে আগাছার মতো ছড়িয়ে পড়েছে পার্থেনিয়াম। এই গাছ পুরোটাই ক্ষতিকারক। বিশেষ করে পার্থেনিয়াম গাছের ফুলের রেণুতে সেস্কুটার্পিন ল্যাকটোন নামক বিষাক্ত পদার্থ থাকে। যা বায়ুবাহিত এর থেকে হাঁপানি, শ্বাসকষ্ট, জ্বর এমনকি চর্মরোগ পর্যন্ত হয়ে থাকে। শুধু মানুষের জন্য নয়, গবাদি পশুর জন্যও ক্ষতিকারক এই পার্থেনিয়াম। গবাদি পশুর কাছে খুব সুস্বাদু খাদ্য পার্থেনিয়াম। কিন্তু, এই আগাছা খেলে পশুর দুধ উৎপাদন ক্ষমতা কমে যায়। এছাড়া, রোগগ্রস্ত হয়ে পড়ে গবাদি পশু।

সরকারি শৌচাগার নির্মানে নিম্নমানের সামগ্রী

দুরন্ত বার্তা, দুর্গাপুর, ১৫ জুন ঃ সিমেন্টের সঙ্গে ছাই! তৈরীর আগেই ফাটল ধরছে শৌচাগারে। নির্মল বাংলার শৌচাগার নির্মানে এমনই নিম্নমানের সামগ্রী ব্যাবহারের অভিযোগ উঠল। ঘটনার প্রতিবাদ কাজ বন্ধ করে দিল গ্রামবাসীরা। তদন্তের দাবীতে সরব হল বিজেপি। সোমবার ঘটনাটি ঘটেছে পশ্চিম বর্ধমানের কাঁকসার বিষ্ণুপুর গ্রামে। ঘটনার তদন্ত শুরু করেছে কাঁকসা ব্লক প্রশাসন। ঘটনায় জানা গেছে, সম্প্রতি ককিসার মলানদীঘি পঞ্চায়েতের বিষ্ণুপুর গ্রামে উপভোক্তাদের নির্মল বাংলায় শৌচাগার নির্মান শুরু হয়েছে। সপ্তাহখানেক এরে চলছে সেই নির্মান কাজ। নব নির্মত শৌচাগারগুলির কয়েকটিতে ফাটল ধরায় সন্দেহ এলাকাবাসীর। সোমবার গ্রামের কয়েকটি পরিবারে শৌচাগার নির্মান কাজ শুরু হতেই গ্রামবাসীরা নির্মানকাজ দেখতে যান। হাত সেলাই সিমেন্ট বস্তা দেখে তাদের সন্দেহ হয়। তখনই কাজ বন্ধ করে বিক্ষোভ শুরু করে গ্রামবাসীরা। খবর পেয়ে ঘটনাস্থলে যায় বিজেপিকর্মীরা। তদন্তের দাবীতে সরব হয় বিজেপি। স্থানীয় বিজেপির মন্ডল সম্পাদক ভগীরথ ঘোষ বলেন, সরকারি টাকা নয়ছয় হচ্ছে। তৈরীর দিন কয়েকের মধ্যে নির্মীয়মান শৌচাগারের ফাটল দেখে সন্দেহ হয়। তারপর হাত সেলাই সিমেন্ট বস্তা দেখে সন্দেহ জোরাল হয়। অনুমান সিমেন্টের সঙ্গে ছাই মেশানো হয়েছে। তাছাড়াও শৌচাগারের দরজা দেখে মনে হচ্ছে আমড়া গাছের কাঠ দিয়ে তৈরী। নিম্নমানে স্লাগ ইট ব্যাবহার হচ্ছে। মাস কয়েকের মধ্যেই ভেঙে পড়বে। ঠিকাদারের কাছে সিডিউল দেখতে চেয়েছিলাম। কিন্তু তিনি সেটা দেখানিন। তাই আমাদের ধারনা কাজে দুর্নীতি হয়েছে। তদন্তের দাবী জানিয়েছি। যদিও তৃণমূল পরিচালিত মলানদীঘি পঞ্চায়েত প্রধান পিযুষ মুখোপাধ্যায় বলেন, নির্মান সামগ্রী যাচাই করার দক্ষতা আমাদের নেই। একমাত্র বিশেষজ্ঞ পরীক্ষা করে বলতে পারবেন। সন্দেহ থাকলে লিখিত অভিযোগ জানালে তদন্ত হত। এভাবে উন্নয়নের কাজে বাধা দেওয়া, আটকে দেওয়া অনুচিত। কাঁকসা বিডিও সুদীপ্ত ভট্টাচার্য্য জানান, বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে। যে সংস্থার কাছে সিমেন্ট নেওয়া হয়েছিল। সেগুলি বদলে দিতে বলা হয়েছে।

ফের আক্রান্ত ২০

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ১৫ জুন ঃ করোনার থাবায় কাবু শিলিগুড়ি। সোমবার দুপুর পর্যন্ত নতুন করে আরও ২০ জনের করোনা রিপোর্ট পজিটিভ আসে। সূত্রের খবর, আক্রান্তদের মধ্যে রয়েছেন টিকিয়াপাড়ার পঞ্চিজন, বাগরাকোটের দুজন, সুভাষপল্লীর একজন, দার্জিলিং মোড়ের দুজন, সেবক রোডের একজন, নবগ্রামের একজন, ঘুঘুমালির একজন, চয়নপাড়ার দুজন, যাদবপল্লীর একজন, মহারাজ কলোনির একজন, শ্রবণনগরের একজন, সমননগরের একজন, ভুপেন্দ্রনগরের একজন। এই নিয়ে রীতিমতো উদ্বিগ্ন প্রশাসনের কর্তারা। সংক্রামিতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করছেন তাঁরা। আক্রান্তদের ইতিমধ্যেই কোভিড হাসপাতালে পাঠানোর প্রক্রিয়া শুরু হয়েছে। অন্যদিকে, এদিন উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালের রিকু বিভাগে একজনের মৃত্যু হয়েছে। তবে তাঁর লালার নমুনা রিপোর্ট এখনও আসেনি বলে জানা গিয়েছে। শিলিগুড়িতে লাফিয়ে বাড়ছে করোনা আক্রান্তের সংখ্যা। প্রায়ই পুরনিগমের কোনও না কোনও এলাকা থেকে আক্রান্তের হদিস মিলছে। রবিবারও শিলিগুড়ি পুরনিগমে ১৪ জন সহ মহকুমায় মোট ১৬ জনের করোনা সংক্রমণ ধরা পড়ে। শিলিগুড়ি মহকুমার ফাঁসিদেওয়ার হাঁসখোয় ও ঠিকনিকাটার দুজন রয়েছেন। শিলিগুড়ি পুরনিগমে আক্রান্তের সংখ্যা ১০০ ছুঁই ছুঁই। পাশাপাশি অনেকেই সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন।

গলাকাটা মৃতদেহ

দুরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ১৫ জুন ঃ সাগরদিঘিতে এক মহিলার গলাকাটা দেহ উদ্ধার। মৃতের নাম আক্তারা বিবি (৪০)। রবিবার রাতে তাঁর ঘর থেকে দেহ উদ্ধার হয়। মুর্শিদাবাদের সাগরদিঘি থানার গাংভাঙ্গা এলাকার ঘটনা। পরিবার সূত্রে খবর , ২৫ বছর আগে আক্তারার বিয়ে হয় ওই গ্রামেরই এক ব্যক্তির সঙ্গে। কিন্তু তাদের কোনও সন্তান ছিল না । ফলে তাদের মধ্যে মাঝেমধ্যেই এই নিয়ে অশান্তি হত। তাই পাঁচ বছর মাত্র সংসার করে বাবার বাড়িতে চলে যান তিনি। প্রায় কুড়ি বছর ধরে বাবার বাড়িতেই থাকেন। জানা গেছে, দীর্ঘদিন তিনি মানসিক অবসাদে ভুগছিলেন। চিকিৎসা চলছিল তাঁর। রবিবার রাত্রে হঠাৎই বাড়ির লোকজন তাঁকে গলাকাটা অবস্থায় বিছানার মধ্যে পড়ে থাকতে দেখেন। সঙ্গে সঙ্গেই বাড়ির লোকজন পুলিশে খবর দেন। সাগরদিঘী থানার পুলিশ দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য জঙ্গিপুর মহকুমা হাসপাতালে পাঠায়। আত্মহত্যা না খুন তারই তদন্ত শুরু করেছে সাগরদিঘী থানার পুলিশ।

লরি উল্টে জখম ৬

দুরন্ত বার্তা, রায়গঞ্জ, ১৫ জুন ঃ হুগলির আরামবাগ থেকে বিহারের আরারিয়ায় কাজ করতে যাওয়ার পথে লরি উল্টে জখম হলেন ছয় শ্রমিক। রবিবার রাতে দুর্ঘটনাটি ঘটেছে উত্তর দিনাজপুর জেলার ডালখোলা এলাকার ৩৪ নম্বর জাতীয় সড়কে। পুলিশ জখমদের উদ্ধার করে রায়গঞ্জ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেছে। জখমদের মধ্যে জাহাঙ্গীর শেখ (৪৬) ও আকতার আলি (৩০) নামে দু'জনের অবস্থা আশঙ্কাজনক। তাঁদের বাড়ি হুগলি জেলার আরামবাগে। ওই দু'জনকে রাত এগারোটা নাগাদ কলকাতা মেডিকেল কলেজে রেফার করা হয়েছে।

মদের ঠেকে বোমা বিস্ফোরণে চাঞ্চল্য

দুরন্ত বার্তা, মালদা, ১৫ জুন ঃ হরিশ্চন্দ্রপুর থানার তুলসিহাটা বাজার এলাকায় বোমা বিস্ফোরণের ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়ালো। রবিবার রাতের এই ঘটনার পর সোমবার সকাল থেকেই ওই বাজার এলাকায় দোকানপাট কম খুলেছে। পুলিশ তদন্ত শুরু করেছে। কিভাবে ঘটনাটি ঘটলো তা নিয়েও খোঁজখবর শুরু করছে সংশ্লিষ্ট থানার পুলিশ কর্তারা। যদিও স্থানীয় বাসিন্দারা পুলিশকে অভিযোগ জানিয়েছেন, তুলসিহাটা বাজার থেকে সামান্য দূরে একটি অবৈধ মদের ঠেকে বোমা ফাটিয়েছে দুষ্কৃতীরা। কারা বোমা ফাটিয়েছে তা জানতে বেআইনি মদের ঠেকের এক বিক্রেতাকে জিজ্ঞাসাবাদ শুরু করেছে পুলিশ। যদিও এই ঘটনার জেরে এলাকাজুড়ে প্রবল ক্ষোভ তৈরি হয়েছে। দীর্ঘদিন ধরে ওই বাজার এলাকায় বেআইনি মদের ঠেকটি চলছে বলে স্থানীয় বাসিন্দাদের অভিযোগ। এব্যাপারে পুলিশও প্রয়োজনীয় কোনো ব্যবস্থা নিচ্ছে না। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, তুলসিহাটা দৈনিক বাজারের পাশের রাস্তার ধারে বহরমপুর পাড়ায় দীর্ঘদিন ধরেই ঠেকটি চলছে। সন্ধের পর তো বটেই, সারাদিন ধরেই সেখানে এলাকার দুষ্কৃতীরা জড়ো হয়ে আসর বসায় বলে অভিযোগ। স্থানীয় বাসিন্দারা পুলিশকে জানিয়েছেন, এদিন আচমকাই বোমা ফাটার শব্দে কেঁপে গোটা এলাকা। বেআইনি মদের ঠেক সংলগ্ন এলাকাতেই দুই দুষ্কৃতী বোমা ফাটায় বলে প্রাথমিকভাবে পুলিশ জানতে পেরেছে। হরিশ্চন্দ্রপুর থানার আইসি সঞ্জয় কুমার দাস জানিয়েছেন, পুরো ঘটনাটি নিয়ে তদন্ত শুরু করা হয়েছে। দুষ্কৃতীদের খোঁজ চালানো হচ্ছে।

মালদায় করোনা আক্রান্ত আরও ৩

দুরন্ত বার্তা, মালদা, ১৫ জুন ঃ মালদায় আরও ৩ জনের শরীরে করোনার সংক্রমণ ধরা পড়ল। রবিবার রাতে মালদা মেডিকেল কলেজের ভিআরডিএল থেকে মোট ১০টি করোনা পজিটিভ রিপোর্ট মেলে। এর মধ্যে ৩টি পজিটিভ রিপোর্ট মালদার। আক্রান্তদের মধ্যে রতুয়া-১ নম্বর ব্লকের মহানন্দাটোলার ১ জন, কালিয়াচকের-১ নম্বর ব্লকের সিলামপুরের ১ জন ও হরিশ্চন্দ্রপুর-২ নম্বর ব্লকের ভালুকার ১ জন রয়েছেন। এদের মধ্যে রতুয়া ও হরিশ্চন্দ্রপুরের আক্রান্তদের কোনও উপসর্গ না থাকলেও কালিয়াচকের আক্রান্তের জ্বর ও কাশির মতো উপসর্গ রয়েছে বলে জানা গিয়েছে। সব মিলিয়ে এখনও পর্যন্ত মালদা জেলায় মোট করোনা আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়াল ৬১৫ । এদিকে করোনা আক্রান্তের সংখ্যা বাড়তে থাকায় বেশ কিছু এলাকা এখনও রেড জোনে রয়েছে। নতুন করে বাড়ছে কন্টাইনমেন্ট এলাকার সংখ্যাও। প্রশাসনের তরফে এলাকাগুলির ওপর নজরদারি চালানো হচ্ছে বলে জানা গেছে।

প্রকাশ্য দিবালোকে ব্যবসায়ীকে কুপিয়ে খুনের চেষ্টা

দুরন্ত বার্তা, ইসলামপুর, ১৫ জুন ঃ দিনদুপুরে প্রকাশ্যে ধারালো অস্ত্রের আঘাতে খুন হতে হতে বেঁচে গেলেন এক যুবক। যদিও আশঙ্কাজনক অবস্থায় ওই যুবককে পাঠানো হয়েছে উত্তরবঙ্গ মেডিকেল কলেজে। জখম যুবকের নাম মনজুর আলম। বাড়ি চোপড়া থানা এলাকায়। ঘটনার বিবরণে স্থানীয় সূত্রে জানা গেছে, শুক্রবার ওই এলাকার ব্যবসায়ী মঞ্জুর আলম চোপড়া বাজারে তার জুতোর দোকানের ভিতরে ঢুকে শফিক আলম নামে অপর এক যুবক বেশ কয়েক মাস ধরে অশ্লীল ভাষায় গালিগালাজ করতো এবং নানাভাবে তাকে উত্ত্যক্ত করতো। দু'জনেরই বাড়ি ওই থানার ঝাড়বাড়ী এলাকায়। এই বিষয়টি নিয়ে মনজুর আলম একাধিকবার পুলিশ-প্রশাসনের দ্বারস্থ হলেও লাভ হয়নি কিছুই। অভিযোগ নিয়ে কারোর যেন মাথা ব্যথাই ছিল না! যুবকের আত্মীয় তথা বিজেপি নেতা রশীদুল আলম জানান, এটি শাসকদলের একটি চক্রান্ত। ওই ছেলেটিকে এতদিন ধরে নানান ভাবে গালাগালি দেওয়া হয়েছে। উত্যক্ত করা হয়েছে। এরপর প্রকাশ্যে এসে ধারালো অস্ত্র দিয়ে ছুরি মেরে দেওয়ার সাহস দেখালেও একটুর জন্য সে বেঁচে গেছে। যদিও তার পরিস্থিতি যথেষ্টই উদ্বেগজনক। এর পিছনে একটি পুরনো বিবাদ লুকিয়ে আছে এবং নেতাদের উস্কানি এবং বিরোধীদের চক্রান্তই এই ঘটনার জন্য দায়ী বলে মনে করছেন তিনি। যদিও তৃণমূল কংগ্রেসের গ্রাম পঞ্চায়েত সদস্য হাসান কামাল রানা জানিয়েছেন, এটি একটি পুরনো বিবাদের ঘটনার জের। যার বিরুদ্ধে হামলার অভিযোগ সে কিছুটা মানসিক অবসাদগ্রস্থ। এর পেছনে কোনো রাজনীতি নেই। স্থানীয় সূত্র জানিয়েছে, এদিন আচমকা মনজুর আলমকে ধারালো অস্ত্র দিয়ে খুন করতে উদ্যোগী হন শফিক আলম। এরপর রক্তাক্ত অবস্থায় তাকে উত্তরবঙ্গ মেডিকেল কলেজে পাঠানো হয়। কিন্তু এই ঘটনার পরই মনজুর আলমের পক্ষে উত্তেজিত জনতা শফিক আলমকে গণপিটুনি দেয়। এমনকি স্বাস্থ্য কেন্দ্রের ভেতরে ঢুকে তার পরিবারের লোকজন গিয়ে তাকে বেধড়ক পেটায়। তার অবস্থাও গুরুতর। তাকে চোপড়ার দল্লয়া স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি করা হয়েছে। ইসলামপুর পুলিশ জেলার পুলিশ সুপার শচীন মাক্কার জানিয়েছেন, অভিযুক্ত যুবকের কোনও মানসিক সমস্যা থাকতে পারে। বিষয়টি নিয়ে চিকিৎসকের সঙ্গে কথা বলা হচ্ছে এবং তাকে পুলিশের নজরদারিতে রাখা হয়েছে। সে বর্তমানে স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসাধীন। পাশাপাশি ওই গ্রামেও পুলিশ গেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে। পুলিশ ঘটনার তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেবে।

NIT No. 01 OF 2020-21
Separate sealed tender invited by the undersigned for 04 (Four) nos. work under Raidighi (I) Sub-Division, amount put to tender varies Rs. 170768.00 to Rs. 282391.00. Last date of application **22.06.2020**, purchase **23.06.2020.** Details will be available at the office of the undersigned between 11.00 Hrs. to 16.00 Hrs.
Sd/- S.D.O
Raidighi (I) Sub-Divn.

ABRIDGED TENDER NOTICE
NIT-01(One)/LB of 2020-21 of the AE/Lalbazar SD is invited for a single work. Last date for submission of tender is **19.06.2020.** Other details may be seen in our office on any working day during office hours and through website **www.wbpwd.gov.in**
SD/-J K Chakraborty
AE/Lalbazar S/D

N I Q No.01 of 2020-21
Salt Lake Roads Sub-Division
Separate sealed quotations are invited by the undersigned for one no. work, Last date of receiving application **17.06.2020 up to 14.00 hrs.** last date of selling of quotation paper **18.06.2020 up to 16.00 hrs.** All necessary details may be obtained from the office of the undersigned during office hours till **18.06.2020.**
Sd/- S.D.O
Salt Lake Roads Sub-Division
Nirman Bhawan, Salt Lake

NIQ, Govt. of West Bengal.
Tender is hereby invited by the Executive Engineer, PWD, Kolkata IT Division, Main Block, Ground Floor, Writers' Buildings, Kolkata-700001 from the eligible contractors for the following works. Name of Work: 1. All-Inclusive on-site Annual Maintenance of Public Address and Digital Display System run by IT Division, PWD at Nabanna, Howrah [01 year] **[Job No. KIT/RW/012 of 20-21]. NOTICE INVITING QUOTATION (No-015/KIT/Q of 20-21).** Last date for submission of quotation: **25.06.2020 up to 2 PM.** Corrigendum or Addendum if issued will be published only on website. (**https://www.pwdwb.in**)
Sd/- Executive Engineer, PWD, Kolkata IT Division

The Assistant Engineer, P.W.D Hooghly Construction Sub-Division-I invites **NIT No. 7/ H.C.S.D-I of 20-21** for 01 (One) nos of Maintenance work under Hooghly Construction Sub-Division-I, Application **on 18.06.2020.** Publication of successful bidder **on 18.06.2020** and Date of receiving Tender **on 19.06.2020** respectively in the tender Box of the Assistant Engineer, Hooghly Construction Sub-Division-I, Arambagh. For details contract in office Notice Board and also in website **www.pwdwb.in**
Sd/- Assistant Engineer (PWD), Hooghly Construction Sub-Division-I.

হালদার ভেনচার লিমিটেড
(**CIN - L74210WB1982PLC035117**)
রেজি. অফিস : ডায়মন্ড হেরিটেজ, ১৬ স্ট্রান্ড রোড, ১০এ ফ্লোর, রুম নং. ১০১২, কলকাতা, পশ্চিমবঙ্গ
বিজ্ঞপ্তি
এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে,ক এখানে সব, যে কোম্পানির রোড ফর ডিরেক্টরেস একটি সভা অনুষ্ঠিত হবে সোমবার ২২ জুন, ২০২০ বেলা ০২.০০ ঘটিকায়, ডায়মন্ড হেরিটেজ, ১৬ স্ট্রান্ড রোড, ১০এ ফ্লোর, রুম নং.-১০১২, কলকাতা-৭০০০০১ টাকমায় বিবেচনা এবং অনুমোদন নিরীক্ষিত আর্থিক বছরান্ত কোম্পানির ত্রৈমাসিক এবং বছর শেষে ৩১ মার্চ, ২০২০।
উল্লিখিত তথ্যাবলী পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে www.halderventure.in এবং আরও পাওয়া যাবে সিএ এক্সচেঞ্জ